

অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের বার্ষিক সাধারণ সভা

২০১০-১১ইং সম্পন্ন

আতিকুর রহমান // অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার উদ্যোগে গত ২৬ ফেব্রুয়ারী Sarah Redfern High School Hall এ বিকালে অনুষ্ঠিত হয়েছে বার্ষিক সাধারণ সভা ২০১০-১১ইং। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মোফাজ্জল হোসেন ভূইয়া। সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক ড. আনিসুল আফচার। প্রথমেই কোরআন তেলোয়াত করেন জনাব আবদুর রহমান। Sarah Redfern High School এর শিক্ষক ও কমিউনিটি ম্যানেজার Mr. Ross Dummett সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। Mr. Ross Dummett অত্র স্কুলের শিক্ষাগত মান ও অত্যাধুনিক সকল সুযোগ-সুবিধা উল্লেখ করে অভিভাবকদের অত্র হাইস্কুলে সন্তানদের প্রেরণের অনুরোধ জানান। উল্লেখ্য, বিগত বৎসরে অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার ঈদের জামাত, তারাবীহ সহ বিভিন্ন সভাগুলি অত্র স্কুলের হলরূমগুলি ব্যবহার করে আসছে। সভায় সাধারণ সম্পাদক ড. আনিসুল আফচার বার্ষিক রিপোর্ট পেশ করেন। অতি স্বল্প সময়ে ৫ একর বিশিষ্ট জমি ক্রয় এর অর্থ সংগ্রহের জন্য গৃহীত বিভিন্ন কার্যক্রম এবং ক্রয়কৃত জমির পরবর্তী কার্যাবলীসহ সংগঠনের বিভিন্ন কর্মসূচী ব্যাখ্যা করেন। বিগত বৎসরের বার্ষিক আর্থিক রিপোর্ট পেশ করেন কোষাধাক্ষ্য ড. আবুল কাশেম। সভায় গত আর্থিক বৎসরে ফাউন্ডেশনেজিং, কমিউনিটির সদস্য বাবদ সহ বিভিন্ন অনুদান, বিভিন্ন মসজিদ থেকে সংগৃহীত এবং বিভিন্ন উৎস হতে অর্থের যাবতীয় আয়-ব্যয়ের হিসাব পেশ করেন। সংগঠনে বর্তমানে প্রায় চার শতাধিক আর্থিক সদস্য রয়েছে যার মধ্যে অধিকাংশই লাইফ বা স্থায়ী সদস্য। সাধারণ সম্পাদক ও কোষাধাক্ষ্য উপস্থিত আর্থিক সদস্য/সদস্যাদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। সবশেষে সংগঠনের সভাপতি মোফাজ্জল ভূইয়া সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। তিনি বিগত বৎসরে মসজিদ ভিত্তিক ইসলামিক সেন্টার প্রতিষ্ঠার লক্ষ্যে জমি ক্রয়ে আর্থিক, মানসিক, শারীরিকভাবে

সহযোগিতার জন্য কমিউনিটির সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং আগামীতে সকলের সহযোগিতা কামনা করেন।
সবশেষে জনাব মোফাজ্জল ভুঁইয়া দোয়া পরিচালনা করেন।



